

## উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ অনলাইন নিউ কানেকশনের ধাপ হ্রাসকরণ।

সনাতন পদ্ধতিতে নতুন বিদ্যুৎ সংযোগ পাবার ক্ষেত্রে গ্রাহকের অনেক ঝামেলা পোহাতে হত এবং সংযোগ পেতে অনেক সময় লাগত।এসময় প্রায় ৪০ থেকে ৫০ টি ধাপ পার হতে হত। এর সমাধান হিসেবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড অনলাইনে আবেদন করার ব্যবস্থা গ্রহণ করে। এর ফলে গ্রাহকদের কষ্ট কিছুটা লাঘব হলেও সংযোগ প্রদানের বিষয়টি সময়সাপেক্ষ থেকে যায়।বর্তমানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উদ্ভাবনী উদ্যোগের ফলে দ্রুততম সময়ে গ্রাহক সংযোগ প্রদানের জন্য অনলাইন নিউ কানেকশন সিস্টেমে নিম্নলিখিত কার্যক্রম গুলো গ্রহণ করা হয়ঃ

- **Automated Marking:** নতুন সংযোগের আবেদন করার সময় এলাকার(ফিডার) ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে নির্দিষ্ট কর্মকর্তার কাছে ফরোয়ার্ড হয়।
- **Billing Software Integration:** অনলাইন নিউ কানেকশন ও বিলিং সফটওয়্যারের ভিতরে API Integration করা হয়।
- **Online Reporting:** সিস্টেম থেকে রিপোর্টিং এর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ করার ব্যবস্থা রাখা হয়।
- **Online Document Submission:** অনলাইনে ডকুমেন্ট সাবমিট করার মাধ্যমে গ্রাহকের বিক্রয় ও বিতরণ বিভাগ দপ্তরে আসা-যাওয়ার ঝামেলা হ্রাস করা হয়।

পাইলটিং এর অংশ হিসেবে ইতিমধ্যে এই কার্যক্রম চট্টগ্রাম জোনে শুরু হয়েছে। ধাপে ধাপে বিউবোর সকল জোনে এই পদ্ধতিতে কার্যক্রম শুরু হবে।

অনলাইন নিউ কানেকশনের ধাপ হ্রাসকরণের ফলে গ্রাহকের যে সুবিধাগুলো নিশ্চিত করা হয়েছে তা হলঃ

- দ্রুততর সময়ে নতুন সংযোগ।
- সম্পূর্ণ কাগজবিহীন প্রক্রিয়া।
- গ্রাহক বিদ্যুৎ অফিসে না এসেই সংযোগ পাবে।
- গ্রাহক তার আবেদনের সর্বশেষ অবস্থা অনলাইনে দেখতে পাবে।
- স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।